

প্রধান শিক্ষকদের মাসিক সমন্বয় সভা

তারিখ: ১৭ জানুয়ারি ২০২৪, বুধবার

সভাপতি: জনাব শরীফ রফিকুল ইসলাম, উপজেলা শিক্ষা অফিসার, নাঙ্গলকোট।

স্থান: উপজেলা মিলনায়তন

গুরুত্বপূর্ণ অনুশাসনসমূহ:

- স্কুল তথ্য, শিক্ষক তথ্য, শিক্ষার্থী তথ্যসহ IPEMIS এর যাবতীয় তথ্য ২৫ জানুয়ারির মধ্যে হালনাগাদ করা;
- উপবৃত্তি প্রাপ্তদের মোবাইল নম্বর পরিবর্তন করতে হলে, ইউইও স্যার কর্তৃক আবেদন করা;
- ৩১ জানুয়ারির মধ্যে ইউনিক আইডি'র তথ্য এনট্রি এবং প্রয়োজনীয় সংশোধন নিশ্চিত করা;
- বিদ্যালয় ত্যাগ করার অনিবার্যতা থাকলে, উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানিয়ে করা;
- প্রতিদিন বাধ্যতামূলক ভাবে যথাযথ নিয়মে দৈনিক সমাবেশ করা;
- মাসিক রিটার্ন এর কোন ঘর ফাঁকা রাখা যাবে না;
- ফেব্রুয়ারির মধ্যে ক্যাচমেন্ট এলাকার ম্যাপ হালনাগাদ করা;
- বিদ্যালয়ের ভূমির নামজারি নিশ্চিত করা;
- ২০২৪ সালের কাব চাঁদা দ্রুত পরিশোধ করা;
- SLIP প্রাক্কলন দ্রুত জমা দেয়া;
- যে সকল বিদ্যালয়ে প্রজেক্টর আছে, তাদের প্রতিদিন ন্যূনতম একটি ক্লাস মাল্টিমিডিয়া'র সাহায্যে নেয়া;
- পাঠ পরিকল্পনায় আবশ্যিকভাবে প্রধান শিক্ষকের অনুমোদন নিতে হবে;
- প্রধান শিক্ষক নিয়ম অনুযায়ী সহকারী শিক্ষকদের ক্লাস মনিটরিং করবেন এবং রেকর্ড সংরক্ষণ করবেন;
- মাসিক মিটিং এর অনুশাসনসমূহ নিয়মিতভাবে স্টাফ মিটিং-এ আলোচনা করা এবং রেকর্ড সংরক্ষণ করা;
- এসএমসি, পিটিএসহ সকল কমিটির সভা নিয়মিতভাবে করা এবং রেকর্ড সংরক্ষণ করা;
- ২১শে ফেব্রুয়ারি উপলক্ষ্যে দেয়ালিকা প্রকাশ এবং ২০ ফেব্রুয়ারি উপজেলা মিলনায়তনে তা প্রদর্শন করা;
- SLIP এর বাজেট ও খরচ বিবরণী দর্শনীয় সাইজে প্রিন্ট করে, প্রদর্শিত স্থানে স্থাপন করা;
- SMR বিতরণের রেজিস্টার সংরক্ষণ করতে হবে;
- বিদ্যালয়ের প্রত্যেক শিক্ষকের ব্যক্তিগত ফোল্ডারে তার সকল রেকর্ড সংরক্ষণ করা;
- ৩১ জানুয়ারির মধ্যে শিক্ষকদের এসিআর প্রস্তুত করে জমা/সংরক্ষণ করা;
- বাংলা ও ইংরেজির চলমান পঠন দক্ষতার রেকর্ড সংরক্ষণ ও নিয়মিত হালফিল রাখা;
- ছুটি গ্রহণের পূর্বে অবশ্যই আবেদন করে ছুটি মঞ্জুর করা;
- বার্ষিক পাঠ পরিকল্পনা প্রিন্ট করে সে অনুযায়ী পাঠদান পরিচালনা করা;
- শ্রেণি রুটিন এ-ফোর কাগজে প্রিন্ট করে সংশ্লিষ্ট এইউইও'র নিকট থেকে অনুমোদন করে, তার অনুলিপি বড় আকারে তৈরি করে প্রদর্শিত স্থানে স্থাপন করা;
- শিক্ষকদের আগমন-প্রস্থান সঠিক সময়ে নিশ্চিত করার জন্য, ইউইও মহোদয়ের উদ্যোগে ডিজিটাল পদ্ধতি ব্যবহার করার কথা বলা হয়।

পরিশেষে আর কোন বিষয় না থাকায়, সম্মানিত সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।